

(27)

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২০.১৭৯.২২ নথির বিষয়: “Repair, Maintenance& Painting work of south side boundary wall at SWTP Phase-1.” কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Repair, Maintenance& Painting work of south side boundary wall at SWTP Phase-1.” কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৬/১১/২২ ৪:০৯ অপরাহ্ন

অনুগ্রহপূর্বক সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৬ পর্যন্ত দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সায়োদাবাদ পানি শোধনাগারের মাধ্যমে শীতলক্ষ্যা নদী থেকে পানি এনে পরিশোধন করে ঢাকা মহানগরবাসির নিকট প্রতিদিন ৪৫ কোটি লিটার পানি সরবরাহ করা হচ্ছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর আঙ্গিনার দক্ষিণ পার্শ্বে স্থাপিত বাউন্ডারী ওয়ালের বেশ কিছু অংশে স্যাতস্যাত হয়ে পড়েছে (সংযুক্ত ক্রমিকনং-৩ দ্রঃ)। বাউন্ডারী ওয়ালের উপর স্থাপিত তার কাঁটা বেষ্টনীর এঙ্গেল বারে মরিচা ধরেছে, ফলে Corrosion এর কারনে বাউন্ডারী ওয়ালের সৌন্দর্য্য নষ্ট হয়ে যাচ্ছে, সে সঙ্গে নিরাপত্তার দায়িত্ব পালনে বিঘ্নিত হচ্ছে। যা কোনভাবেই কাম্য নয়। উল্লেখ্য যে, অত্র শোধনাগারে বিভিন্ন সময়ে বিদেশী রাষ্ট্রদূত, দাতা সংস্থার প্রতিনিধি, সরকারের উচ্চ পর্যায়ের কর্মকর্তা ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজের শিক্ষার্থীরা ভিজিট করতে আসেন। তাই প্ল্যান্টের সৌন্দর্য্য বর্ধনে তথা ২য় শ্রেণির কেপিআই এর অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান হিসেবে সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর আঙ্গিনার দক্ষিণ পার্শ্বের বাউন্ডারী ওয়ালের বেশ কিছু অংশে আনুসঙ্গিক মেরামত, রক্ষণাবেক্ষণ ও রংকরন কাজ করা অতীব জরুরী। সে আলোকে সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর আঙ্গিনার দক্ষিণ পার্শ্বে স্থাপিত বাউন্ডারী ওয়ালের আনুসঙ্গিক মেরামত, রক্ষণাবেক্ষণ ও রংকরন কাজটি সম্পন্ন করতে পিডরিউডি-২০২২ইং সালের প্রণীত সিভিল রেট সিডিউলের ভিত্তিতে একটি বিভাগীয় প্রাক্কলন প্রস্তুত করা হ'ল (সংযুক্ত ক্রমিকনং-৬ দ্রঃ)। প্রস্তুতকৃত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪,৯৬,৭৫৮.০৫২ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত আটান দশমিক শূন্য পাঁচ দুই মাত্র) টাকা।



অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৬/১১/২২ ৪:১৪ অপরাহ্ন

উল্লেখ্য যে, বর্ণিত কাজটির ব্যয়ভার সাঃপাঃশোঃ (রক্ষণাবেক্ষণ) বিভাগের অনুকূলে চলতি ২০২২-২৩ ইং অর্থবছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের সীমানা প্রাচীর রক্ষণাবেক্ষণ খাত হতে নিবাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক ক্রয়-কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৪০ ও প্যাকেজ নং-W-14 তে অন্তর্ভুক্ত করা হয়েছে (সংযুক্ত ক্রমিক নং-১ দ্রঃ)।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৬/১১/২২ ৪:১৪ অপরাহ্ন

এমতাবস্থায় কর্তৃপক্ষের কাজের স্বার্থে, “Repair, Maintenance& Painting work of south side boundary wall at SWTP Phase-1(Package-2).” কাজে উপস্থাপিত ৪,৯৬,৭৫৮.০৫২ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত আটান দশমিক শূন্য পাঁচ দুই মাত্র) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ আলোচ্য কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৬১(১) অনুসারে উন্মুক্ত দরপত্র (OTM, e-GP) প্রক্রিয়ায় দরপত্র আহবানের মাধ্যমে সম্পন্ন করতে সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

			
১৬/১১/২২ ৪:১৬ অপরাহ্ন মোঃ আলমগীর হোসেন উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৬/১১/২২ ৪:২৪ অপরাহ্ন মোঃ শফিউল আলম সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৬/১১/২২ ৪:৪৩ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৮/১১/২২ ৯:৪৮ পূর্বাহ্ন মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল


অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৮/১১/২২ ৯:৪৭ পূর্বাহ্ন

উপরোক্ত বর্ননার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের সুপারিশ করা হল।

	
২৮/১১/২২ ৯:৪৮ পূর্বাহ্ন মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৩০/১১/২২ ৫:১৪ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৩০/১১/২২ ৫:০৭ পূর্বাহ্ন

অনুমোদিত

			
৩০/১১/২২ ৫:১৪ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৩০/১১/২২ ৭:১৯ পূর্বাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১/১২/২২ ৯:৫২ পূর্বাহ্ন মোঃ শফিউল আলম সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১/১২/২২ ৯:৫২ পূর্বাহ্ন মোঃ আলমগীর হোসেন উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)